১৪৩০ শিক্ষাবর্ষে পুনর্ভর্তির জন্য করণীয়
নৃত্য- সূচনা (শিশু, নৃত্যকলা)

- নির্ধারিত ব্যাংক অথবা বিকাশের মাধ্যমে পুনর্ভর্তির জন্য প্রদেয় অর্থ জমা দেওয়া
- **ভর্তির সময়সীমা: ৯ এপ্রিল থেকে ১৮ এপ্রিল ২০২৩**
  (সাপ্তাহিক ছুটির দিন বুধবার এবং বর্ষবরণ উপলক্ষ্যে **১৪ এপ্রিল ২০২৩, শুক্রবার** ও **১৫ এপ্রিল ২০২৩, শনিবার** নিবন্ধন কার্যক্রম **বন্ধ থাকবে**)
- পুনর্ভর্তির জন্য ন্যূনতম পরিশোধ: ৳ ৫,৬০০* (বিকাশ- চার্জসহ প্রদেয় ৳ ৫,৬৮৬)
  পুরো বছরের সমুদয় অর্থ পরিশোধ করতে চাইলে মোট প্রদেয় ৳ ৮,৯০০ (বিকাশ- চার্জসহ প্রদেয় ৳ ৯,০৩৬)
- ব্যাংকের মাধ্যমে অর্থ পরিশোধের ক্ষেত্রে অর্থ পরিশোধের পর নিম্নলিখিত নথিসমূহসহ ছায়ানট কার্যালয়ে এসে **৯ এপ্রিল থেকে ১৮ এপ্রিল ২০২৩** এর মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে:
  ১. ব্যাংক রশিদের শিক্ষার্থী ও ছায়ানটের অংশ **২. শিক্ষার্থীর পরিচয়পত্র ও** **৩. বার্ষিক পরীক্ষার মূল্যায়নপত্র**
- **নিবন্ধনের সময়:** ছুটির দিনগুলো বাদে সকাল ১০টা থেকে বিকাল ৩টা

সাপ্তাহিক ছুটির দিন বুধবার এবং বর্ষবরণ উপলক্ষ্যে ১৪ এপ্রিল ২০২৩, শুক্রবার ও ১৫ এপ্রিল ২০২৩, শনিবার নিবন্ধন কার্যক্রম বন্ধ থাকবে

- যথাযথ প্রক্রিয়া অনুসারে বিকাশ- এর মাধ্যমে অর্থ পরিশোধ করলে কার্যালয়ে এসে নিবন্ধনের প্রয়োজন নেই
- **ক্লাস শুরুর তারিখ:** নৃত্য- সূচনা, শিশু (শুক্রবার) – ২৯ বৈশাখ ১৪৩০, ১২ মে ২০২৩, শুক্রবার বিকাল সাড়ে ৩টা
  নৃত্য- সূচনা, শিশু (সোমবার) – ১ জৈষ্ঠ্য ১৪৩০, ১৫ মে ২০২৩, সোমবার বিকাল সাড়ে ৫টা

*ভর্তির জন্য ন্যূনতম পরিশোধযোগ্য অর্থের ব্যাখ্যা
বার্ষিক ফি ৳ ১,০০০; ভবন ফি ৳ ১,০০০; পাঠাগার ফি ৳ ২০০;
কল্যাণ তহবিল ৳ ১০০ (শিল্পী: ৫০, শিক্ষার্থী: ৩০, ত্রাণ: ২০); ৬ মাসের বেতন ৳ ৩,৩০০ **(মাসিক বেতন ৳ ৫৫০)**

বিশেষ জ্ঞাতব্য:

- ৩ বছর মেয়াদী নৃত্যমুদ্রা এবং মণিপুরী ও ভরতনাট্যমের প্রাথমিক পাঠ। শ্রেণি: শিশু, প্রারম্ভিক ক, প্রারম্ভিক খ
- প্রান্তিক বর্ষের (প্রারম্ভিক খ) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী বিদ্যায়তনের মণিপুরী বা ভরতনাট্যম্‌ বিভাগের ৬ বছর মেয়াদী কার্যক্রম নৃত্য- প্রবেশে ভর্তি হতে পারবে
- বিদ্যায়তনে শিক্ষাগ্রহণকালে শিক্ষার্থীর পরিচিতি নম্বর উল্লেখ করে নির্ধারিত ব্যাংকে অথবা বিকাশের মাধ্যমে (নির্ধারিত বিকাশ চার্জ প্রযোজ্য) বেতন- ভাতাদি পরিশোধ করতে হবে
- ব্যাংকে অর্থ পরিশোধ করলে রশিদের শিক্ষার্থী- অংশ ও বিদ্যায়তন- অংশ কার্যালয়ে নথিভুক্ত করানো অপরিহার্য
- পুরো বছরের প্রদেয় অর্থ অগ্রিম জমা দেওয়া যায়। ৩ মাসের বেতন বকেয়া পড়লে জরিমানা হিসাবে বিলম্ব ফি দিতে হয়
- পরিচয়পত্র হারালে/ ব্যবহারের অযোগ্য হলে ১০০ টাকাএবং পরিচয়পত্রের ফিতা হারালে/ ব্যবহারের অযোগ্য হলে ২০ টাকা দিয়ে বিকল্প পরিচয়পত্র/ ফিতা নিতে হবে
- শিক্ষাগ্রহণে এক বছরের বেশি ছেদ পড়লে পুনর্ভর্তি হওয়া যায় না, ভর্তি পরীক্ষা দিতে হয়। ক্লাসে এক বছর অনিয়মিত থাকলেও বকেয়া পরিশোধ করে শিক্ষার্থী পরের শিক্ষাবর্ষে পুনর্ভর্তি হতে পারে
- পুনর্ভর্তি না হয়ে বিদ্যায়তনের লিখিত অনুমোদন নিয়ে এক নাগাড়ে সর্বাধিক ১ বছরের শিক্ষা- বিরতি নেওয়া যায়। সেক্ষেত্রে শিক্ষা- বিরতির পরের শিক্ষাবর্ষে বিদ্যায়তন- নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে
- একবার পুনর্ভর্তি- নিবন্ধন করে ফেললে সে বছর আর শিক্ষা- বিরতি নেওয়ার সুযোগ নেই
- শিক্ষা- বিরতি নিলে পরের শিক্ষাবর্ষে বিদ্যায়তনের নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই পুনর্ভর্তি হতে হবে
- একই শ্রেণিতে ৩ বছরের বেশি পাঠ নেওয়া যাবে না
- প্রথম ভর্তির সময়ে শিক্ষার্থীর বয়স ৭ বছরের কম প্রমাণ হলে তৎক্ষণাৎ নিবন্ধন বাতিল হবে। নিবন্ধন বাতিল হলে পরিশোধিত অর্থ ফেরতযোগ্য নয়
- শিক্ষার্থী বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক) হলে সঙ্গীতবিদ্যায়তন তাকে সুরের জাদু- রঙের জাদু কার্যক্রমে পাঠিয়ে দেওয়ার অধিকার রাখে
- নির্ধারিত পোশাকে প্রকাশ্যভাবে পরিচয়পত্র ধারণ করে ছায়ানট সংস্কৃতি- ভবনে প্রবেশ ও অবস্থান করতে হবে
- পোশাকের রং নির্বাচন ও ছাঁটে বাঙালি রুচি ও সাদামাঠা ভাবের প্রতিফলন থাকা বাঞ্ছনীয়। **মেয়েদের পোশাক কালো সালোয়ার ও সাদা কামিজ, ছেলেদের প্যান্ট বা পায়জামা ও সাদা পাঞ্জাবী**। শীতকালে সবাই চাদর বা সোয়েটার ব্যবহার করতে পারবে। শিক্ষার্থী নিজস্ব শিক্ষালয় থেকে সরাসরি এলে শিক্ষালয়ের পোশাকে ক্লাস করতে পারবে
- ক্লাসে যাওয়ার আগে অভ্যর্থনাকেন্দ্রের বার কোড রিডারে পরিচয়পত্র স্ক্যান করিয়ে দিনের হাজিরা নিশ্চিত করতে হবে
- সূচি অনুযায়ী ক্লাস শুরুর ১৫ মিনিটের মধ্যে শিক্ষার্থীর হাজিরা নিশ্চিত করতে হবে
- ক্লাসের দিন পরিচয়পত্র না আনলে অভ্যর্থনাকেন্দ্র থেকে ফেরতযোগ্য 'শিক্ষার্থী' কার্ড নিয়ে ক্লাস করা যাবে, কিন্তু ওই দিনের উপস্থিতি গণ্য হবে না
- বছরে ৫০ শতাংশের কম উপস্থিতি থাকলে বার্ষিক পরীক্ষা বা মূল্যায়নের ছাড়পত্র দেওয়া হয় না
- বার্ষিক পরীক্ষার ছাড়পত্র পাওয়ার জন্য ৩০ পৌষ ১৪৩০, **১৪ জানুয়ারি ২০২৪** তারিখের মধ্যে পুরো বছরের বেতন পরিশোধ করতে হবে। ব্যাংকে অর্থ পরিশোধ করলে উল্লিখিত তারিখের মধ্যে রশিদের শিক্ষার্থী- অংশ ও বিদ্যায়তন- অংশ কার্যালয়ে নথিভুক্ত করানো অপরিহার্য
- শিক্ষার্থীরা ক্লাসের বাদ্যযন্ত্র বা শব্দযন্ত্র ব্যবহার করতে পারবে না
- শিক্ষার্থী একাই ক্লাস করবে। অভিভাবক বা অন্য কোনো সঙ্গীকেভবনে আনতে পারবে না
- **ভবনের লিফ্‌ট সাধারণভাবে শিক্ষার্থীদের জন্য নয়।** শুধু নিবিড় শিক্ষণ ও সঙ্গীত- অনুরাগ কার্যক্রমের শিক্ষার্থী এবং শুদ্ধসঙ্গীত বিভাগের ভারি বাদ্যযন্ত্র বহনকারী শিক্ষার্থী লিফ্‌ট ব্যবহার করতে পারে। যথার্থ প্রমাণসহ লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে ভবন প্রশাসনের লিখিত অনুমোদনসাপেক্ষে বয়স্ক অথবা অসুস্থ শিক্ষার্থী সাময়িকভাবে লিফ্‌ট ব্যবহার করতে পারবে

যোগাযোগ

ফোন: ০১৭৩০- ৪৮২৪৬৩ (সঙ্গীতবিদ্যায়তন কার্যালয়)
০১৭০১- ৬২৭৫৯২ (সঙ্গীতবিদ্যায়তনের হিসাব- সংক্রান্ত)

ই- মেইল:
sb.chhayanaut.st@gmail.com (সঙ্গীতবিদ্যায়তনের শিক্ষার্থী যোগাযোগ, সাধারণ জিজ্ঞাসা /সমস্যার সমাধানসন্ধান / পরামর্শ বা অভিযোগ জানানোর জন্য)
acc.st.chhayanaut@gmail.com (সঙ্গীতবিদ্যায়তনের অর্থ পরিশোধ সংক্রান্ত জিজ্ঞাসা / তথ্যের জন্য)

যোগাযোগের সময়:
বৃহস্পতি, রবি এবং সোমবার: বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৭টা
শুক্র ও শনিবার: সকাল ১০টা থেকে দুপুর ১টা এবং বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা

- **কার্যালয়ে ফোনে যোগাযোগের সময়ও একই**
- শ্রেণি, পরীক্ষা, ছুটিসহ সঙ্গীতবিদ্যায়তনের যেকোনো বিজ্ঞপ্তি/ প্রয়োজনীয় তথ্য ছায়ানট সঙ্গীতবিদ্যায়তনের ফেইসবুক গ্রুপে পাওয়া যাবে (www.facebook.com/groups/sb.chhayanaut)। হালনাগাদ সকল তথ্য জানতে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থী বা অভিভাবকের জন্য নিবন্ধিত শিক্ষার্থীর নাম ও পরিচিতি নম্বর জানিয়ে ফেইসবুক গ্রুপে যুক্ত হওয়ার অনুরোধ (join request) প্রেরণ অবধারিত (QR Code নিচে)
- **সঙ্গীতবিদ্যায়তন কার্যালয়ের সাপ্তাহিক ছুটি মঙ্গল ও বুধবার**
- ছায়ানটের ফেইসবুক পেইজ (QR Code নিচে) www.facebook.com/chhayanaut1961

ছায়ানটের আদর্শ পরিপন্থী যেকোনো আচরণ বা বিধি অথবা শৃঙ্খলাভঙ্গের কারণে কোনো ব্যাখ্যা ছাড়াই সঙ্গীতবিদ্যায়তন কর্তৃপক্ষ যেকোনো শিক্ষার্থীর ভর্তি বাতিল করার অধিকার রাখে। কারো ভর্তি বাতিল হলে পরিশোধিত অর্থ ফেরত দেওয়া হয় না

ছায়ানটের ফেইসবুক পেইজ
(সকলের জন্য উন্মুক্ত)

ছায়ানট সঙ্গীতবিদ্যায়তনের ফেইসবুক গ্রুপ
(কেবলনিবন্ধিত শিক্ষার্থীদের জন্য)